# কিয়ামতের আলামত

বিভাগ/অধ্যায়ঃ কিয়ামত সম্পর্কিত বিষয়াবলী

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহ্ শাহেদ আল-মাদানী

কিয়ামতের নির্দিষ্ট সময় গোপন রাখার রহস্যঃ

আল্লাহ তাআলা কিয়ামতের সঠিক সময় কাউকে অবগত করেননি। উদ্দেশ্য হলো মানুষ যাতে সবসময় সতর্ক থাকে , পরকালের জন্য পূর্ণ প্রস্তুতি গ্রহণ করে এবং সর্বদা সৎকাজে লিপ্ত থাকে।

জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলোঃ কিয়ামত কখন হবে? উত্তরে তিনি বললেনঃ কিয়ামতের জন্য তুমি কী প্রস্তুত করেছো? সে বললোঃ কোন কিছুই প্রস্তুত করিনি। তবে আমি আল্লাহকে ভালবাসি এবং আল্লাহর রাসূলকে ভালবাসি। তখন নবী (ﷺ) তাকে বললেনঃ তুমি যাকে ভালবাসো কিয়ামতের দিন তুমি তার সাথেই থাকবে। আনাস (রাঃ) বলেনঃ আমরা একথা শুনে যতটা খুশী হলাম তত খুশী আর কখনও হইনি। আনাস (রাঃ) আরো বলেনঃ আমি নবীকে ভালবাসি, আবু বকরকে ভালবাসি এবং উমারকে ভালবাসি। আশা করি তাদেরকে ভালবাসার কারণে আমি তাদের সাথেই থাকবো। যদিও আমি তাদের ন্যায় আমল করতে পারিনা’’।[1]

মোটকথা হাদীছ থেকে আমরা যা অবগত হলাম তা এই যে, কিয়ামত কখন হবে তা নিয়ে গবেষণা করা অনর্থক। কিয়ামতের জন্যে প্রস্তুতি গ্রহণ করা এবং সর্বদা আনুগত্যের কাজে লিপ্ত থাকাই প্রতিটি মুমিন ব্যক্তির একান্ত করণীয়।

## ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল মানাকিব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3067

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন